গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর।
(স্থানীয় সরকার শাখা)
www.chandpur.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

**দরপত্র বিজ্ঞপ্তি**

২০১৯-২০২০ অর্থ বছরে চাঁদপুর জেলার ৮টি উপজেলার ৭৩২ জন দফাদার ও মহল্লাদারগণের পোশাক সরঞ্জামাদি সরবরাহের নিমিত্তে পোশাক সরঞ্জামাদি প্রস্তুতকারী/সরবরাহকারী ঠিকাদারের নিকট হতে PPR-২০০৮ অনুসরণ পূর্বক সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | বিবরণ | বিস্তারিত তথ্য |
|---|---|---|
| ১ | দরপত্র আহবানকারী | জেলা প্রশাসক, চাঁদপুর। |
| ২ | সংগ্রহ পদ্ধতি | উন্মুক্ত দরপত্র |
| ৩ | দরপত্র বিক্রয়ের স্থান | বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম, জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), চাঁদপুর, পুলিশ সুপারের কার্যালয়, চাঁদপুর এবং ইউএনও অফিস। |
| ৪ | দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় | ১৫/০১/২০২০ খ্রিষ্টাব্দ হতে ০২/০২/২০২০ খ্রিষ্টাব্দ সকাল ৯.০০ টা হতে অফিস চলাকালীন সময় (প্রতিদিন বিকাল ৫.০০ টা পর্যন্ত) |
| ৫ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | ০৩/০২/২০২০ খ্রিষ্টাব্দ দুপুর ১২.০০ টার মধ্যে । |
| ৬ | দরপত্র বাক্সে জমা গ্রহণের স্থান | জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), চাঁদপুর, পুলিশ সুপারের কার্যালয়, চাঁদপুর, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম এবং ইউএনও অফিস (সকল)। |
| ৭ | দরপত্র খোলার তারিখ | ০৬/০২/২০২০ খ্রিষ্টাব্দ দুপুর ১.০০ টায়। |
| ৮ | দরপত্রের মূল্য | নগদ ২,০০০/- (দুই হাজার) টাকা মাত্র (অফেরৎ যোগ্য) । |
| ৯ | কার্য সম্পাদনের সময় | সরবরাহের আদেশ প্রাপ্তির ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে। |

দরপত্রের শর্তাবলী, দরদাতার যোগ্যতা ও অন্যান্য তথ্যাদি সিডিউলে বর্ণিত থাকবে। টেন্ডার ডকুমেন্ট (সিডিউল) স্থানীয় সরকার শাখা হতে নির্ধারিত মূল্যে সংগ্রহ করা যাবে। দরপত্রের শর্তাবলী ও অন্যান্য তথ্যাদি অফিস চলাকালীন সময়ে এবং জেলা তথ্য বাতায়ন website: www.chandpur.gov.bd এর মাধ্যমে জানা যাবে।

তফশিল 'খ'

**: পোষাক সরঞ্জামাদির বিবরণ :**

**(পুরুষ)**

| ক্র: নং | পোষাক সরঞ্জামাদির বিবরণ | পোষাক সরঞ্জামাদির মোট সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | ফুল হাতা শার্ট (নীল রং) ০১টি মজুরীসহ | ৫৪৭ টি | ফুল প্যান্টের সাইডে দুটি পকেট ও পিছনে একটি পকেট এবং শার্টের বুকের উপর দুটি পকেটসহ দু'কাধের উপর দুটি সোল্ডার ফিতা দিতে হবে। |
| ২. | হাফ হাতা শার্ট (নীল রং) ০১টি মজুরীসহ | ৫৪৭ টি | |
| ৩. | ফুল প্যান্ট (খাকী রং) ০২টি মজুরীসহ | ৫৪৭×২=১০৯৪ টি | |
| ৪. | উন্নত মানের কাপড়ের জুতা (কনভাস) | ৫৪৭ টি | |
| ৫. | মোজা ২ জোড়া | ৫৪৭×২=১০৯৪ টি | |
| ৬. | ৬৯ জন দফাদারের জন্য সোল্ডার ব্যাচ একটি স্টার ও সবুজ কাপড়ের রিবন ২টি করে | ৬৯ টি | |
| ৭. | সোল্ডার ব্যাচ ০১টি (মহল্লাদারদের জন্য) | ৪৭৮ টি | |
| ৮. | নাইলস বেল্ট-০১টি | ৫৪৭ টি | |
| ৯. | একটি লায়নার বাঁশি এবং একটি বেতের লাঠি। | ৫৪৭ টি | |
| ১০. | মাথার ক্যাপ গ্রাম পুলিশ মনোগ্রামসহ | ৫৪৭ টি | |
| ১১. | রেইন কোট | ৫৪৭ টি | |

**(মহিলা)**

| ক্র: নং | পোষাক সরঞ্জামাদির বিবরণ | পোষাক সরঞ্জামাদির মোট সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | শার্ট (১টি করে) (মহিলা পুলিশের ন্যায়) | ১৮৫ টি | |
| ২. | ব্লু রং এর শাড়ী ( ১টি করে) মজুরীসহ | ১৮৫ টি | |
| ৩. | ব্লু রং এর ব্লাউজ ( ২টি করে) মজুরীসহ | ১৮৫×২=৩৭০ টি | |
| ৪. | উন্নত মানের কাপড়ের জুতা (কনভাস) | ১৮৫ টি | |
| ৫. | মোজা ২ জোড়া | ১৮৫×২=৩৭০ টি | |
| ৬. | পেটিকোর্ট (২টি করে) মজুরীসহ | ১৮৫×২=৩৭০ টি | |
| ৭. | সোল্ডার ব্যাচ ০১টি | ১৮৫ টি | |
| ৮. | নাইলস বেল্ট-০১টি | ১৮৫ টি | |
| ৯. | একটি লায়নার বাঁশি এবং একটি বেতের লাঠি। | ১৮৫ টি | |
| ১০. | মাথার ক্যাপ গ্রাম পুলিশ মনোগ্রামসহ | ১৮৫ টি | |
| ১১. | রেইন কোট | ১৮৫ টি | |

চলমান পাতা-২

**দরপত্রের শর্তাবলী**

১। দরপত্র দাতাকে বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা মূল্যমানের একই ধরণের কাজের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত পোশাক ও সরঞ্জামাদি প্রস্তুতকারী/সরবরাকারী ব্যক্তি/প্রতিষ্ঠান হিসেবে প্রমানাদি সংযুক্ত করতে হবে।

২। দরপত্র দাতা সর্বশেষ ২০১৮-২০১৯ অর্থ বছরের ট্রেড লাইসেন্সে, ভ্যাট পরিশোধের কাগজপত্র, আয়কর পরিশোধের সার্টিফিকেট, জাতীয় পরিচয় পত্র দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৩। দরদাতার নামে আর্থিক স্বচ্ছলতা সংক্রান্ত কমপক্ষে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকার ব্যাংক সার্টিফিকেট দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৪। বাংলাদেশের আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী অথবা গ্রাম পুলিশ সদস্যদের পোষাক ও সরঞ্জামাদি সরবরাহের বাস্তব অভিজ্ঞতার সার্টিফিকেট দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৫। দরপত্রে দেয় দরের ১০% হারে জামানত বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার যে কোন রাষ্ট্রায়ত্ত ব্যাংক হতে (জেলা প্রশাসক, চাঁদপুর এর অনুকূলে জমা প্রদান পূর্বক) সংগ্রহ পূর্বক দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৬। দরপত্রে বর্ণিত প্রতিটি দফার নমুনা দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অনুমোদিত নমুনার সাথে সরবরাহকৃত নমুনার গরমিল দেখা দিলে কোনো ক্রমেই তা গ্রহণযোগ্য হবে না।

৭। দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য, শর্তাবলী এবং পোষাক সরঞ্জামাদির নমুনা নিম্নস্বাক্ষরকারীর অফিসে (স্থানীয় সরকার শাখা) হতে জানা যাবে।

৮। পিপিআর-২০০৮ মোতাবেক দরপত্র দাতাকে যোগ্য হতে হবে এবং দরপত্রের শর্তানুযায়ী দরপত্র দাখিল করতে হবে।

৯। প্রত্যেক গ্রাম পুলিশের গায়ের মাপ অনুযায়ী পোষাক এবং পায়ের মাপ অনুযায়ী জুতা এবং মোজা সরবরাহ করতে হবে।

১০। সকল পোষাক সরঞ্জামাদি প্রথমে জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিল করতে হবে। তরপর সরবরাহকৃত পোষাক সরঞ্জামাদির গুনগতমান মূল্যায়ন কমিটি কর্তৃক যাচাই বাছাই অন্তে সন্তোষজনক বিবেচিত হলে এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদিত হলে সরবরাহকারীকে নিজ খরচে এ জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে পৌঁছিয়ে দিয়ে প্রাপ্তি স্বীকারপত্র এ অফিসে জমাদানের পর বিলের অর্থ পরিশোধ করা হবে । অগ্রিম কোনো বিল প্রদান করা হবে না।

১১। কার্যাদেশ প্রদানের ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে সমুদয় পোষাক এবং সরঞ্জামাদি সরবরাহ করতে হবে। ব্যর্থতায় জামানত বাতিল বলে গণ্য হবে।

১২। সরবরাহকৃত পোষাক এবং সরঞ্জামাদির মোট মূল্য হতে প্রচলিত ভ্যাট হারে এবং আয়কর কর্তন করা হবে।

১৩। কর্তৃপক্ষ প্রয়োজন বোধে বরাদ্দ প্রাপ্ত অর্থের মধ্যে ক্রয়যোগ্য যে কোন আইটেম সংযোজন/বিয়োজন এবং মালামালের পরিমাণ/ সংখ্যা হ্রাস ও বৃদ্ধি করতে পারবেন। তাতে দরদাতার কোন আপত্তি থাকবে না।

১৪। দরদাতা কর্তৃক দাখিলকৃত যে কোন কাগজপত্র ভুয়া/ জাল প্রমাণিত হলে প্রচলিত আইনে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে এবং দাখিলকৃত জামানত বাবদ অর্থ বাজেয়াপ্ত করা হবে।

১৫। পোষাক এবং সরঞ্জামাদি সরবরাহের কমপক্ষে দুই মাস পর সরবরাহকৃত মালামালের ত্রুটির বিষয়ে কোন আপত্তি না পাওয়া গেলে তবেই জামানতের টাকা ফেরৎ প্রদান করা হবে।

১৬। কোন দরদাতা দাখিলকৃত দরপত্র প্রত্যাহার করতে চাইলে দরপত্র বাক্স খোলার পূর্বেই প্রত্যাহারের আবেদন দরপত্র বাক্সে দাখিল করতে হবে।

১৭। প্রাপ্ত দরপত্রের তুলনামুলক বিবরণী এবং নমুনাসমূহের গুনগতমান বিবেচনায় প্রাপ্ত বরাদ্দ মোতাবেক চাহিত যাবতীয় মালামাল নির্ধারিত সময়ে সরবরাহ নিশ্চিত করতে হবে।

১৮। দরপত্র মূল্য ২,০০০/- (দুই হাজার) টাকা মাত্র (অফেরৎ যোগ্য) এবং নির্ধারিত তারিখের পর কোন দরপত্র বিক্রয় করা হবে না।

১৯। দরপত্রে উল্লিখিত সকল আইটেমের মূল্য অংকে ও মোট মূল্য অংকে এবং কথায় স্পষ্টাক্ষরে লিখতে হবে। কোনো ঘসামাজা/ কাটাকাটি দরপত্র গ্রহণ যোগ্য হবে না।

২০। দরপত্র অবশ্যই সিলমোহরকৃত খামে দাখিল করতে হবে।

২১। কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র গৃহীত হওয়ার পর দরদাতাকে দরপত্রের নিয়ম ও শর্তাবলী অনুসরণ করে পোষাক এবং সরঞ্জামাদি সরবরাহ করা হবে মর্মে ২৫০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দিতে হবে।

চলমান পাতা-৩

২২। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪/০১/২০২০

জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত)
চাঁদপুর।
ফোন নম্বর : ০৮৪১-৬৩১১১।
E-mail-dcchandpur@mopa.gov.bd

স্মারক নম্বর- ৪৬.৪২.১৩০০.০৩০.০৪.০০৬.১৯- ৪৯ (১০০) তারিখ : ১৪ জানুয়ারি ২০২০।

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩। জেলা প্রশাসক,--------------------------(সকল) ।
৪। পুলিশ সুপার, চাঁদপুর।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁদপুর।
৬। মেয়র----------------------------পৌরসভা (সকল), চাঁদপুর।
৭। নির্বাহী প্রকৌশলী------------------------------------(সকল), চাঁদপুর।
৮। উপজেলা নির্বাহী অফিসার---------------------------(সকল), চাঁদপুর।
৯। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, চাঁদপুর।
১০। সম্পাদক,----------------------------------। তার পত্রিকায় সরকারী বিজ্ঞাপন দর অনুযায়ী ভিতরের পাতায় স্বল্প পরিসরে (দুই কলামে----- ইঞ্চি) উক্ত বিজ্ঞপ্তিটি আগামী------------------খ্রি. তারিখের মধ্যে শুধুমাত্র এক দিনের জন্য প্রকাশ অন্তে এ শাখায় বিলসহ পত্রিকার দুটি কপি জমা দানের জন্য অনুরোধ করা হলো।
১১। জনাব/মেসার্স-----------------------------------------------------------------------------------।

১৪/০১/২০২০

জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত)
চাঁদপুর।
ফোন নম্বর : ০৮৪১-৬৩১১১।
E-mail-dcchandpur@mopa.gov.bd